

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আরেকটি নতুন অনুষদ খোলার উদ্যোগ

তরুণ সরকার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ফ্যাকাল্টি নামে নতুন একটি অনুষদ প্রতিষ্ঠার উদ্যোগ নেওয়া হয়েছে। নতুন এই অনুষদের উপযোগিতা যাচাইয়ের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরীকে চেয়ারম্যান করে একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করা হয়েছে। সম্প্রতি অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সভায় এ কমিটি গঠন করা হয়। বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের ডীনকে এই কমিটির সদস্য করা হয়েছে। সূত্র মতে, এই কমিটি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত সুবিধা, অর্থায়ন, দেশের চাহিদা ইত্যাদি বিষয় পর্যালোচনা করে নতুন অনুষদ প্রতিষ্ঠার ব্যাপারে সুপারিশ প্রদান করবে। এই সুপারিশের ভিত্তিতে একাডেমিক কাউন্সিল পরবর্তীকালে এই অনুষদ প্রতিষ্ঠার ব্যাপারে সিদ্ধান্ত নেবে। কর্তৃপক্ষীয় সূত্র জানায়, 'টেলিকমিউনিকেশন ইলেকট্রনিক্স ও

রবোটিক্স', 'কম্পিউটার সায়েন্স', 'মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং', 'বায়ো টেকনোলজি এসব বিষয় নতুন অনুষদে রাখার চিন্তাভাবনা হচ্ছে। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন লেদার টেকনোলজি এবং টেক্সটাইল টেকনোলজিকে নতুন এই অনুষদের অন্তর্ভুক্ত করা হবে। কর্তৃপক্ষ আশা করছে, নতুন অনুষদ এবং এর অন্তর্ভুক্ত বিভাগগুলোর চালুর ব্যাপারে পৃথিবীর বিভিন্ন বিশ্ববিদ্যালয়, গবেষণা সংস্থা ও দাতা সংস্থা গবেষণা, কারিগরি ও আর্থিক সহযোগিতা পাওয়া যাবে।

এ ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলা করার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় জাতিকে একটি দক্ষ জনশক্তি উপহার দিতে চায়। উদ্দেশ্যেই বিজ্ঞান ও প্রযুক্তিনির্ভর অনুষদ প্রতিষ্ঠার উদ্যোগ নেওয়া হয়েছে।